72

# দৈনিক ইনকিলাব

তারিখ ... 16 MAY 1991 ...
পৃষ্ঠা ৭২ কলাম ৪

## ছাত্র দল নেতাদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের উদ্দেশ্যপ্রণোদিত —ডাকসু

ডাকসু ভিপি আমান উল্লাহ আমান এমপি ও জিএস খায়রুল কবির খোকন গতকাল এক বিবৃতিতে ছাত্র দলের সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল, সহ-সভাপতি আবদুল খালেক, মঞ্জুর এলাহী, সাংগঠনিক সম্পাদক সাহাবুদ্দীন লাল্টুসহ ১২ জন ছাত্র দল নেতার বিরুদ্ধে মামলা দায়েরের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। ডাকসু নেতৃদ্বয় বলেন, ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টির মিথ্যা অভিযোগে ছাত্র দল নেতাদের বিরুদ্ধে মামলা দায়ের করে ছাত্র দলের অগ্রযাত্রা স্তব্ধ করার অপপ্রয়াস চলছে। এ মামলা দায়ের উদ্দেশ্যপ্রণোদিত। নেতৃদ্বয় এ মামলা অবিলম্বে প্রত্যাহার করে গত শুক্রবারের সন্ত্রাসী ঘটনার জন্য দায়ী ছাত্র লীগ ও ছাত্র সমাজের সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতারের দাবী জানান।

### আজ ক্যাম্পাসে মিছিল

ছাত্র দল নেতাদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়েরের প্রতিবাদে ছাত্র দলের উদ্যোগে আজ সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হবে। প্রেস বিজ্ঞপ্তি।